ভোরের কাগজ

16

তারিখ ... AUG 27 1999 ..
পৃষ্ঠা ... কলাম ...

# এইচএসসি '৯৯ মেধাবী মুখ

## ঢাকা বোর্ডে বিজ্ঞানে প্রথম শামীম ছাত্র রাজনীতি পছন্দ করে না

কাগজ প্রতিবেদক : কাজী মোঃ শামীম আল মামুন এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডে বিজ্ঞানে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে। ঢাকা নটরডেম কলেজের ছাত্র শামীম ৪টি বিষয়ে লেটারসহ মোট ৯৫৩ নম্বর পেয়েছে। এসএসসি পরীক্ষাতেও সে পাঁচ বোর্ডের সর্বোচ্চ নম্বর পেয়েছিল।

গড়ে সে ৭ থেকে ৮ ঘন্টা পড়াশোনা করেছে। মোটামুটি সব বিষয়ে ব্যাচে শিক্ষকের সাহায্য নিয়েছে। বরাবরই ভালো ছাত্র শামীম। পঞ্চম ও অষ্টম শ্রেণীর বৃত্তি পরীক্ষায় ট্যালেন্টপুলে প্রথম হয়েছিল সে। শামীমের পিতা শাহাজাহান কাজী একজন সহকারী থানা শিক্ষা অফিসার। মা জাহান আরা খানম আইডিয়াল স্কুলের শিক্ষিকা। মূলত মায়ের অনুপ্রেরণার ফলেই শামীম ভালো ফলাফল করতে পেরেছে বলে জানালো। তিন ভাইবোনের মধ্যে সে দ্বিতীয়।

শামীম একজন কম্পিউটার ইঞ্জিনিয়ার হতে চায়। পড়াশোনার ফাঁকে গল্পের বই পড়ে সময় কাটায়। ক্রিকেট তার প্রিয় খেলা। বাংলাদেশ ও ভারত পছন্দের দল। বর্তমান ধারার ছাত্ররাজনীতি শামীম পছন্দ করে না। তার মতে এই নোংরা ছাত্ররাজনীতি বন্ধ করে দেওয়া উচিত।

## ঢাকা বোর্ডে বিজ্ঞানে প্রথম আবেদুল হক জাতীয় স্বার্থ রক্ষা করে ট্রানজিটের পক্ষে

কাগজ প্রতিবেদক : ঢাকা কলেজের ছাত্র মোঃ আবেদুল হক ৪টি বিষয়ে লেটার মার্কসসহ মোট ৯৫৩ নম্বর পেয়ে এবার এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডের বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে। সে এসএসসিতেও মেধা তালিকায় ৬ষ্ঠ হয়েছিল। ভবিষ্যতে সে কম্পিউটার প্রকৌশলে পাস করে সফটওয়্যারের ব্যবসা করতে চায়।

প্রতিদিন গড়ে ৬/৭ ঘন্টা পড়াশোনা করতো আবেদুল। সে মনে করে নিয়মিত রুটিন করে পড়লে ভালো রেজাল্ট করা যায়। পরীক্ষায় প্রথম হবে এমন আশা না করলেও ভালো করার ব্যাপারে সে আশাবাদী ছিল।

দুই ভাই এক বোনের মধ্যে আবেদুল সবার ছোট। বাবা আব্দুল মান্নান বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল সংস্থার মেডিকেল অ্যাসিসটেন্ট। মা গৃহিণী। বর্তমান পরীক্ষায় নকলপ্রবণতা বন্ধের জন্য ছাত্র-অভিভাবক-শিক্ষকদের মন মানসিকতার পরিবর্তন প্রয়োজন বলে সে মনে করে। জাতীয় স্বার্থ বিঘ্নিত না করে ভারতকে ট্রানজিট দিলে দেশ অর্থনৈতিকভাবে লাভবান হবে এটা তার ধারণা।



## কুমিল্লা বোর্ডে মানবিকে যৌথভাবে প্রথম সফিউল রাজনীতিমুক্ত শিক্ষাঙ্গন চায়

কুমিল্লা প্রতিনিধি : মোঃ সফিউল আজম এবারের এইচএসসি পরীক্ষায় কুমিল্লা বোর্ড থেকে মানবিক বিভাগের সম্মিলিত মেধা তালিকায় যৌভভাবে প্রথম স্থান অধিকার করেছে। হাজীগঞ্জ মডেল কলেজের ছাত্র সফিউল ৪টি বিষয়ে লেটার মার্কসহ মোট ৮৩৬ নম্বর পেয়েছে। সে পটুয়াখালী জুটমিলে কর্মরত মোঃ আব্দুল লতীফের ২য় ছেলে। সে প্রতিদিন ১১ থেকে ১২ ঘন্টা পড়াশোনা করতো বলে জানিয়েছে। তার মতে, নিয়মিত ক্লাস ও পড়াশোনা করলে ভালো ফলাফলের করা সম্ভব। সফিউল ব্যবসা প্রশাসন নিয়ে পড়াশোনা করতে চায়। রাজনীতিমুক্ত শিক্ষাঙ্গন তার কাম্য।



## যশোর বোর্ডে বিজ্ঞানে প্রথম রেজা সেনা কর্মকর্তা হতে চায়

বরিশাল প্রতিনিধি : এইচএসসি পরীক্ষায় যশোর বোর্ডের বিজ্ঞানে প্রথম স্থান অধিকারী বরিশাল ক্যাডেট কলেজের পরীক্ষার্থী আবদুল্লাহ আল রেজা সামরিক কর্মকর্তা হতে আগ্রহী। অত্যন্ত নম্র, ভদ্র ও মেধাবী ক্যাডেট রেজা এবারে গণিত, পদার্থ, রসায়ন ও পরিসংখ্যানে লেটারসহ মোট ৯৭১ নম্বর পেয়েছে। ১৯৯৭ সালের এসএসসি পরীক্ষাতেও সে ৯৩১ নম্বর পেয়ে যশোর বোর্ডে বিজ্ঞান বিভাগে ২য় স্থান এবং কলেজের নির্বাচনী পরীক্ষায় ১০০৯ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছিল। গণপূর্ত বিভাগের ই/এম কারখানা শাখার বিভাগীয় হিসাবরক্ষক হাওলাদার মোহাম্মদ রেজাউল হোসাইনের ৩ পুত্র-কন্যার মধ্যে আবদুল্লাহ দ্বিতীয়। খেলাধুলা ও বইপড়া তার প্রিয় শখ।

## চট্টগ্রাম বোর্ডে মানবিকে প্রথম মহুয়ার ছাত্র রাজনীতি পছন্দ নয়

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এবার এইচএসসি পরীক্ষায় মানবিক গ্রুপে সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে চট্টগ্রাম কলেজের ছাত্রী মহুয়া জহুর। সে চারটি বিষয়ে লেটার মার্কসসহ ৮১৯ নম্বর পেয়েছে। মহুয়া জানায়, ভালো ফলাফলের জন্য নিয়মিত লেখাপড়ার কোনো বিকল্প নেই। ছাত্র রাজনীতি সম্পর্কে নেতিবাচক মনোভাব প্রকাশ করেছে সে।

মহুয়ার প্রিয় ব্যক্তিত্ব তার পিতা সরকারি কমার্স কলেজের উপাধ্যক্ষ এটিএম সালেহ জহুর। মা মমতাজ বেগম একটি স্কুলের শিক্ষিকা, দুই বোনের মধ্যে সে ছোট। নকলপ্রবণতা সম্পর্কে মহুয়া ক্ষুব্ধ মতপ্রকাশ করেছে। 'শিক্ষকরা ভালো হলে নকলপ্রবণতা রোধ সহজে সম্ভব।' আইন বিষয়ে উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী সে।

## রাজশাহী বোর্ডে বাণিজ্যে প্রথম শারমিন চার্টার্ড অ্যাকাউন্টেন্ট হতে চায়

বগুড়া প্রতিনিধি : এবারের এইচএসসি পরীক্ষায় রাজশাহী বোর্ডের বাণিজ্য বিভাগে সম্মিলিত মেধাতালিকায় প্রথম স্থান অধিকারী নূসরাত শারমিন ভবিষ্যতে চার্টার্ড অ্যাকাউন্টেন্ট হতে চায়। বগুড়া ক্যান্ট. পাবলিক স্কুল এন্ড কলেজের ছাত্রী শারমিন দুটি বিষয়ে লেটারসহ মোট ৮২৭ নম্বর পেয়েছে।

বগুড়া জিলা স্কুলের শিক্ষক নূরুল ইসলাম ও প্রাথমিক শিক্ষিকা হোসনে আরা বেগমের তিন সন্তানের মধ্যে শারমিন দ্বিতীয়। এসএসসিতে সে প্রথম বিভাগে পাস করেছিল।

শারমিনের মতে, ছাত্রাবস্থায় রাজনীতি করা উচিত নয়।

শারমিন একজন ভালো কণ্ঠশিল্পীও। রবীন্দ্রসঙ্গীতের প্রচণ্ড ভক্ত সে। তার অবসর কাটে গান শুনে, বই পড়ে। ভালো ফল লাভের জন্য সে তার কলেজের শিক্ষকমণ্ডলীসহ বাবা-মা ও বড়ো বোনের অবদানের কথা বিশেষভাবে উল্লেখ করেছে।

## কুমিল্লা বোর্ডে মানবিকে যুগ্মভাবে প্রথম সফিউল

কুমিল্লা প্রতিনিধি : কুমিল্লা শিক্ষাবোর্ডের এবারের এইচএসসি পরীক্ষায় মানবিক বিভাগ থেকে সম্মিলিত মেধাতালিকায় যুগ্মভাবে প্রথম স্থান অধিকার করেছে মোহাম্মদ সফিউল আজম। সে হাজীগঞ্জ মডেল কলেজ থেকে এই কৃতীত্বপূর্ণ ফল করে। সফিউল ভূগোল, পরিসংখ্যান, গণিত এবং কম্পিউটার বিষয়ে লেটারমার্কসহ মোট ৮৬৩ নম্বর পেয়েছে। সফিউল চাঁদপুর জেলার শাহরাস্তি থানার ইছাপুরা গ্রামের আব্দুল লতিফের পুত্র।

## কম্পিউটার বিজ্ঞানী হতে চায় কুমিল্লা বোর্ডে ১ম মালিহা সুলতানা

সিলেট অফিস : কুমিল্লা বোর্ডে এবারের এইচএসসি পরীক্ষা সিলেট মুরারী চাঁদ কলেজের মালিহা সুলতানা চারটি বিষয়ে লেটারসহ ৯২৯ নম্বর পেয়ে সম্মিলিত মেধাতালিকায় প্রথম স্থান লাভ করেছে।

শাহজালাল উপশহরের বাসিন্দা ডা. মহিউদ্দিন ও গৃহিণী নাজমা বেগমের দ্বিতীয় কন্যা মালিহা সুলতানা জানায়, সে কম্পিউটার বিজ্ঞানী হতে চায়। প্রতিদিন ৭/৮ ঘণ্টা পড়েছে। সে সাতজন শিক্ষকের কাছে গিয়ে প্রাইভেট পড়েছে। মালিহা এসএসসি পরীক্ষায়ও পাঁচটি লেটারসহ স্টার মার্ক পেয়ে উত্তীর্ণ হয়েছিল।

মালিহা সুলতানার শখ বই পড়া।

## ঢাকা বোর্ডে মানবিকে প্রথম রাসেল

রাসেল জমাদার এবারের এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডে মানবিক বিভাগে সম্মিলিত মেধাতালিকায় প্রথম স্থান অধিকার করেছে। তার রোল নং-৩৫৬২৮০। ৪ বিষয়ে লেটারসহ ৯৩৩ নম্বর পেয়েছে। রাসেল মাদারীপুরের কালকিনি থানার ডাসার গ্রামের ডি কে আইডিয়াল সৈয়দ আতাহার আলী একাডেমি এন্ড কলেজের ছাত্র।

## বিচারক হওয়ার ইচ্ছে আছে যশোর বোর্ডে মানবিকে প্রথম ইমনের

বরিশাল প্রতিনিধি : বরিশাল শহরের অমৃত লাল দে মহাবিদ্যালয় হতে পরীক্ষা দিয়ে যশোর বোর্ডে মানবিক শাখায় প্রথম স্থান অধিকার করেছে ইনতেছার আলম ইমন। ছাত্র রাজনীতি দারুণ অপছন্দ তার। পরিবহন ব্যবসায়ী লুৎফুল আলম এবং গৃহবধূ লুৎফা আলমের ১ ছেলে ২ মেয়ের মধ্যে সে সবার বড়ো।

যুক্তিবিদ্যা, পরিসংখ্যান, ইসলামী শিক্ষা ও কম্পিউটার বিভাগে লেটারসহ ৯০৫ নম্বর পাওয়া ইমন লেখাপড়ার সঙ্গে সঙ্গে সাহিত্য-সংস্কৃতি চর্চাতেও সমান উৎসাহী। ভবিষ্যতে আইন বিষয়ে অধ্যয়ন করে আইনজীবী বা বিচারক হওয়ার ইচ্ছা রয়েছে তার।